ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৬৪

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

# প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

''নির্বিবাদে চলছে তীর-জুয়া মদের কারবার, উদ্বেগ'' শিরোনামে গত ১৫ অক্টোবর 'দৈনিক সংবাদ'-এ প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টিকরণ দিয়ে ধলাই জেলার পুলিশ সুপার জানিয়েছেন কমলপুর মহকুমার পুলিশ বহুদিন ধরেই মহকুমার বিভিন্ন এলাকায় বিশেষ করে কমলপুর শহর, হালহালি, সালেমা, শান্তিরবাজার, কচুছড়া, মানিকভান্ডার এলাকায় বেআইনী মদের ব্যবসা, জুয়া ইত্যাদি কার্যকলাপ প্রতিরোধে নিয়মিত অভিযান চালিয়ে যাচ্ছে। দেশি মদের ব্যবসা ও তীর-জুয়া প্রতিরোধে স্থানীয় মানুষের সহায়তা নেওয়া হচ্ছে। পরিকল্পিত ও অপরিকল্পিত উভয় পন্থায় নেশা ও জুয়া বিরোধী কার্যকলাপ চলছে। বাজারের নির্দিষ্ট স্থানে নিয়মিতভাবে পেট্রোলিং এবং ২৪ ঘন্টা পিকেট ডিউটির বন্দোবস্ত রয়েছে। কমলপুর, সালেমা ও কচুছড়ার ওসিদের বিশেষভাবে নির্দেশ দেওয়া হয়েছে এসব সংবেদনশীল এলাকায় বিশেষ নজর রাখতে।

তাছাড়া সরকারের 'নেশামুক্ত ত্রিপুরা' অভিযানের অঙ্গ হিসেবে মদ ও জুয়ার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি অনুসরণ করা হচ্ছে। আবগারি দপ্তর, গোয়েন্দা বিভাগ এবং স্থানীয় প্রশাসনের সাথে যৌথভাবে অভিযান চালানো হচ্ছে। ইতিমধ্যে কমলপুর, সালেমা ও কচুছড়া থানা এলাকায় একাধিক মদ-জুয়া সম্পর্কিত মামলা নথীভুক্ত হয়েছে। অভিযুক্তদের গ্রেপ্তার করে তাদের বিরুদ্ধে আইনী প্রক্রিয়া শুরু করা হয়েছে। জনসাধারণের সহযোগিতা ও স্বচ্ছতা নিশ্চিত করতে থানার ফোন নম্বর বাজার এলাকা, পঞ্চায়েত বিল্ডিং, ধর্মীয় স্থান ও জনসমাগমের স্থানে প্রদর্শিত রয়েছে। যখনই মদ-জুয়া সম্পর্কিত কোন অভিযোগ আসছে সাথে সাথেই সংশ্লিষ্ট টিম প্রয়োজনীয় ব্যবস্থা নিচ্ছে। 'প্রয়াস' সভায় বাজার কমিটি, দোকানদার, স্থানীয় সামাজিক নেতাদের যুক্ত করা হচ্ছে। কোন সন্দেহজনক ঘটনা চোখে পড়লেই পুলিশে খবর দেওয়ার জন্য জনগণকে উৎসাহিত করা হচ্ছে। তাই সংবাদে পুলিশের ভূমিকা নেই কথাটি ভিত্তিহীন। গোয়েন্দা তথ্য ও সমাজের ফিডব্যাক-এর উপর ভিত্তি করে পুলিশের অভিযানকে আরও জোরদার করা হচ্ছে। কেননা জেলা পুলিশ বেআইনী মদ-জুয়ার কার্যকলাপ বন্ধ করতে বদ্ধপরিকর।

********